মুজিবনগরে সার পাচারের সময় জনতার হাতে আটক, ডিলারকে জরিমানা

মেহেরপুরের মুজিবনগরে সরকারি সার পাচারের একটি বড় চেষ্টা ব্যর্থ করে দিয়েছে স্থানীয় জনতা। সোমবার ভোরে উপজেলার দারিয়াপুর গ্রামের বিসিআইসি সার ডিলার মেসার্স ফয়সাল ট্রেডার্স এর স্বত্বাধিকারী আ স ম মাহবুব আলম (রবি) এর নিজস্ব গোডাউন থেকে পাচারের সময় সারের একটি চালান আটক করে সাধারণ জনগণ।

পরে ঘটনাস্থলে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সংশ্লিষ্ট সার ডিলারকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

আদালত ও স্থানীয় সূত্রে জানা গেছে, বিসিআইসি অনুমোদিত সার ডিলার দারিয়াপুরের ‘ফয়সাল ট্রেডার্স’-এর গোডাউন থেকে সরকারি সার অবৈধভাবে অন্য কোথাও পাচার করা হচ্ছিল। প্রথমে স্থানীয় যান আলম সাধুর মাধ্যমে ২০ বস্তা টিএসপি পুরুন্দরপুর গ্রামের ওয়াছেদ আলীর ছেলে জামিরুলের গোডাউনে নামিয়ে দিয়ে পরবর্তীতে ২০ বস্তা ইউরিয়া সার নিয়ে যাওয়ার সময় স্থানীয় জনতা আলম সাধু টি আটক করে আলম সাধু চালক কে জিজ্ঞাসাবাদ করলে সে রবি চেয়ারম্যানের ঘর থেকে সার নিয়ে জামিরুলের ঘরে দিয়ে আসছে বলে জানাই।বিষয়টি টের পেয়ে স্থানীয় উৎসুক ও ক্ষুব্ধ জনতা সারের চালানটি হাতেনাতে আটকে দেয় এবং প্রশাসনকে খবর দেয়।

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবু শাহমা। তিনি পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন এবং ঘটনার সত্যতা যাচাই করে তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। সরকারি নিয়ম অমান্য করে সার পাচারের দায়ে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২(১) ধারা লংঘন করাই ১২(৩) ধারাই ফয়সাল ট্রেডার্সের মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবু শাহমা জানান, “কৃষকদের জন্য বরাদ্দকৃত সরকারি সার এভাবে পাচারের চেষ্টা সম্পূর্ণ অবৈধ। স্থানীয় জনগণের সতর্কতার কারণে এই অপচেষ্টা ব্যর্থ হয়েছে। কৃষি খাতে যেকোনো ধরনের অনিয়ম ও কালোবাজারি রুখতে আমাদের এ ধরনের

অভিযান ও কঠোর নজরদারি অব্যাহত থাকবে।

এদিকে স্থানীয় কৃষকদের অভিযোগ, ডিলারদের এমন অবৈধ পাচার ও মজুতের কারণেই মাঠপর্যায়ে কৃত্রিম সার সংকট তৈরি হয়। তারা এই চক্রের বিরুদ্ধে আরও কঠোর আইনি ব্যবস্থার দাবি জানিয়েছেন।